

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১১৬

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৭) অনুচ্ছেদ

## আরবী

(صحيح) وَعَنْ أَبِي مَسْعُودِ رَضِيَ اللَّهُ عَنْهُ قال أَنَّهُ قَالَ أَتَى رَجُلُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ فَقَالَ: "مَا عِنْدِي مَا أُعْطِيكَه، وَلَكِنْ ائْتِ فُلَانًا". فَأَتَى الرَّجُلَ فَأَعْطَاهُ. فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فَلَهُ مِثْلُ أَجْرِ فَاعِلِهِ أَوْعاَمِلِهِ. رواه ابن حبان في صحيحه

## বাংলা

১১৬. (সহীহ্) আবু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ জনৈক ব্যক্তি নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে এসে কিছু চাইল। তিনি বললেনঃ "তোমাকে যা দিব তা আমার কাছে নেই। কিন্তু উমুক লোকের কাছে যাও।

সে লোকটির কাছে গেলে সে তাকে উহা প্রদান করল। তখন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ

''যে ব্যক্তি ভাল কাজের সন্ধান দিবে, সে উহার কর্তার অথবা বলেছেন সম্পাদনকারীর সমপরিমাণ ছোয়াব লাভ করবে।''

(ইবনে হিব্বান [ছহীহ্ গ্রন্তে] হাদীছটি বর্ণনা করেছেন ২৮৯)

বায্যার সংক্ষেপে হাদীছটি বর্ণনা করেছেনঃ الدَّالُّ عَلَى الْخَيْرِ كَفَاعِلِهِ

''কল্যাণের বিষয়ে পথ প্রদর্শনকারী উহা সম্পাদনকারীর ন্যায় (ছওয়াবের অধিকারী)।''

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন